

প্রবাসীদের মধ্যে ৪ লাখ মেশিন রিডেবল পাসপোর্ট বিতরণ

- A Monitor Desk Report

Date: 10 February, 2025



ঢাকাঃ বিশ্বের বিভিন্ন দেশে থাকা প্রবাসী বাংলাদেশীদের মধ্যে চার লাখ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) বিতরণ করা হয়েছে। দীর্ঘদিন ধরে প্রক্রিয়াগত জটিলতার কারণে এসব পাসপোর্টের আবেদন আটকে ছিল, তবে এরই মধ্যে বিতরণ সম্পন্ন হয়েছে।

রবিবার (৯ ফেব্রুয়ারি) রাজধানীর বেইলি রোডের ফরেন সার্ভিস একাডেমিতে এক প্রেস ব্রিফিংয়ে প্রধান উপদেষ্টার ডেপুটি প্রেস সেক্রেটারি আবুল কালাম আজাদ মজুমদার এ বিষয়ে বিস্তারিত জানান।

তিনি বলেন, "প্রবাসীদের পাসপোর্ট পেতে যেন কোনো বিড়ম্বনার শিকার হতে না হয়, সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছেন প্রধান উপদেষ্টা।"

এছাড়া, যেসব দেশে বর্তমানে রিক্রুটমেন্ট বন্ধ রয়েছে, সেসব দেশে দ্রুত রিক্রুটমেন্ট চালু করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়কে আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা।

-B